# ঋণ জালিয়াতি বসুন্ধরা চেয়ারম্যানসহ ২৬ জনের বিরুদ্ধে দুদকের মামলা



বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান। ছবি: সংগৃহীত

ঋণের অর্থ আত্মসাতের অভিযোগে ন্যাশনাল ব্যাংকের ৫৭৫ কোটি টাকা নিয়ে অনিয়মের ঘটনায় বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান ও তার ছেলে সাফিয়াত সোবহানসহ মোট ২৬ জনের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার (১৮ ফেব্রুয়ারি) আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সংস্থাটির মহাপরিচালক আক্তার হোসেন।

দুদকের এজাহার সূত্রে জানা গেছে, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের নির্ধারিত ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট নীতিমালা উপেক্ষা করে বসুন্ধরা মাল্টি ফুড প্রোডাক্টস লিমিটেডকে প্রয়োজনীয় জামানত ও কাগজপত্র ছাড়াই বিপুল অঙ্কের ঋণ অনুমোদন করা হয়। প্রতিষ্ঠানটিকে ৫৭৫ কোটি টাকা ফান্ডেড এবং ৭৫০ কোটি টাকা নন-ফান্ডেড সুবিধাসহ মোট ১ হাজার ৩২৫ কোটি টাকার ঋণ দেওয়া হয়েছিল।

এর মধ্যে বিতরণ করা ৫৭৫ কোটি টাকার ফান্ডেড ঋণের অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সংশ্লিষ্ট গ্রুপের ব্যক্তিদের পাশাপাশি ন্যাশনাল ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধেও মামলা করা হয়েছে বলে জানিয়েছেন দুদকের মহাপরিচালক।

LENS ASIA